সুবোধ সরকার

স্কুলে বসে কী ভাবছো?

নদী দেখার সময় নেই
আমি নিজেই স্রোত
পড়াশোনার বাইরে কোনো
সময় নেই, ফোট্।

আমার হাতে আকাশ চাই
সুপার হাইওয়ে
কী হবে বসে পুকুরপাড়ে
বিজ্ঞ জ্ঞানী হয়ে?

আকাশ মানে স্যাটেলাইট
আকাশ চাই হাতে
মাগো তোমার খোকন যাবে
অনেক বড় মাঠে।

সে মাঠে কোনো পাখি ওড়ে না
ওড়ে ডলার কত!
বুদ্ধি যার, ডলার তার
আকাশ অংশত।

অংশ নয়, পুরোটা চাই
বাজারে আমি সের
ডলারে হবে কলার উঁচু
আমার বাংশের।

নদী দেখার সময় নেই
আকাশ ভরা তারা
আকাশ আজ স্যাটেলাইট
পৃথিবী দিশাহারা।